# সূর্যমুখী

- দেবারতি চন্দ রায়

জানি শুধু যাওয়া আসা আলো অন্ধকারে।
তবু হিসাবে চলি, হিসাবে কথা বলি,
সময় সময় গা ভাসাই ইচ্ছে নদীর স্রোতে।
ভাটার টানে এসে দাঁড়াই বাস্তবে।
অসময়ের সুতোয় বোনা পরিস্থিতির গামছায়,
মুছে নিয়ে মনের থেকে বিন্দু বিন্দু কথাদের,
নিংড়ে ফেলি মাটির উপর যথা সম্ভব।
শুষে নয় শুষ্ক জমি প্রায়শ্চিত্ত ভরে।
তার আঁচলে অনিচ্ছাদের বাড়বাড়ন্তে,
বর্বরতার কুঁড়ে ঘর হয় বিশাল প্রাসাদ।
ছোট্ট চারা মহিরুহ বিষবৃক্ষের ঝাড়।
চাতক পাখির মতো
কেবল একটি সূর্যমুখীর চারা
ঠায় দাঁড়িয়ে অন্ধকারে, স্তব্ধ করে চলে।
মাথা উঁচু করে বাঁচার তাগিদে,
অপেক্ষা করে তীব্র সূর্যালোকের।
প্রচন্ড তাপে পাপ শুষে নিয়ে করবে ছারখার
বজ্র বিদ্যুতের হুঁশিয়ারী সংকেতে,
আকাশ উপচানো বৃষ্টিতে চাতকের
অভিশাপ ঘুচিয়ে সবুজে সবুজ হবে সব
কথাদের কথা রেখে।